

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়  
নাগরপুর, টাঙ্গাইল।

স্মারক নং-১২৬

তারিখ : ২৭/০২/২০২৫ খ্রি.

বরাবর

জনাব .....

উপসহকারী কৃষি কর্মকর্তা,

..... ইউনিয়ন, নাগরপুর, টাঙ্গাইল।

বিষয় : ২০২৪-২০২৫ অর্থবছরে কৃষকদের মাঝে বিনামূল্যে গ্রীষ্মকালীন তিল বীজ ও সার বিতরণের নিমিত্তে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় অগ্রাধিকার প্রাপ্ত কৃষকদের তালিকা প্রদান প্রসঙ্গে।

সূত্র : ডিডিএই, খামারবাড়ি, টাঙ্গাইল কার্যালয়ের স্মারক নং- ১২.১৭.৯৩০০.০৪১.৩৮.১০১.২৪-১২২৪ তারিখ: ০৩/০২/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ অর্থবছরে প্রণোদনা কর্মসূচির আওতায় কৃষকদের গ্রীষ্মকালীন তিল বীজ ও সার সহায়তা প্রদান করা হবে। ২৬/২/২০২৫ খ্রিঃ উপজেলা কৃষি প্রণোদনা বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক এবং কৃষি মন্ত্রণালয়ের দেয়া শর্তাবলী ও বাস্তবায়ন নীতিমালা আবশ্যিক ভাবে অনুসরণ করে নিম্ন লিখিত বিভাজন অনুযায়ী ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের অগ্রাধিকার তালিকা তৈরী করে আগামী ০৮/০৩/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দেওয়ার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

ক্রঃ নং	ইউনিয়নের নাম	প্রণোদনা কর্মসূচির লক্ষ্যমাত্রা (বিঘা/জন)	মন্তব্য
		প্লট /৩ম	
১	ভারড়া	৬০	উপকরণ: * প্রতি কৃষক ০১ বিঘা জমির জন্য ১ (এক) কেজি গ্রীষ্মকালীন তিল বীজ ও ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার সহায়তা পাবেন।
২	সহবতপুর	৪০	
৩	গয়হাটা	২০	
৪	সলিমাবাদ	৪০	
৫	নাগরপুর	৩০	
৬	ধুবরিয়া	২০	
৭	ভাদ্রা	২০	
৮	দণ্ডিয়র	৬০	
৯	মামুদনগর	৩০	
১০	মোকনা	৩০	
১১	পাকুটিয়া	৩০	
১২	বেকড়া আটগ্রাম	২০	
মোট		৪০০	

স্বা/-


(এস.এম. রাশেদুল হাসান)  
উপজেলা কৃষি অফিসার  
নাগরপুর, টাঙ্গাইল

স্মারক নং- ১২৬

তারিখ : ২৭/০২/২০২৫ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, নাগরপুর, টাঙ্গাইল।
- ২। জনাব....., সদস্য (সকল), উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, নাগরপুর, টাঙ্গাইল।
- ৩। চেয়ারম্যান ..... ইউনিয়ন পরিষদ, নাগরপুর, টাঙ্গাইল।
- ৪। অফিস কপি।

  
২৭/০২/২০২৫  
উপজেলা কৃষি অফিসার  
নাগরপুর, টাঙ্গাইল

# উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আরাফাত মোহাম্মদ নোমান  
উপজেলা নির্বাহী অফিসার, নাগরপুর, টাঙ্গাইল।  
স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়।  
তারিখ : ২৬/০২/২০২৫ খ্রি.  
সময় : বিকাল ৩.০০ ঘটিকা।  
উপস্থিতি : উপস্থিতির তালিকা সংরক্ষিত (পরিশিষ্ট-ক)।

সভাপতি উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, নাগরপুর, টাঙ্গাইলের সভাপতিত্বে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি ও উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নাগরপুর, টাঙ্গাইলকে এজেন্ডা ভিত্তিক আলোচনা করার অনুরোধ জানান।

আলোচনা-১ :

উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নাগরপুর, টাঙ্গাইল ১নং এজেন্ডার আলোচনায় জানান ২০২৪-২৫ অর্থবছরে কৃষকের মাঝে বিনামূল্যে গ্রীষ্মকালীন তিল ফসলের বীজ ও সার সরবরাহ সহায়তা প্রদানের জন্য কৃষি পুনর্বাসন কর্মসূচির আওতায় নাগরপুর উপজেলায় ৪০০বিঘা/জন্য গ্রীষ্মকালীন তিল প্রণোদনা কর্মসূচি প্রদান করা হয়েছে (সূত্র: স্মারক নং ১২.১৭.৯৩০০.০৪১.৩৮.১০১.২৪.১২২৪/৪০(৫) তাং-০৩/০২/২০২৫)। প্রতি কৃষক ০১ বিঘা জমির জন্য ১ (এক) কেজি গ্রীষ্মকালীন তিল বীজ ও ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার সহায়তা পাবেন।

প্রাপ্ত কর্মসূচি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা হয় এবং ফসল আবাদের উপর ভিত্তি করে ফসলের উপযুক্ততা বিবেচনা করত: সর্বসম্মতিক্রমে নিম্নোক্তভাবে ইউনিয়ন ওয়ারী বিভাজন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ-১। ২০২৪-২৫ অর্থবছরে কৃষকের মাঝে বিনামূল্যে বীজ সহায়তা প্রদানের জন্য কৃষি প্রণোদনা কর্মসূচির ইউনিয়নওয়ারী উপকরণ বিভাজন নিম্নরূপ :

(ক) ইউনিয়নওয়ারী উপকরণ বিভাজন :

ক্র: নং	ইউনিয়নের নাম	গ্রীষ্মকালীন তিল (জন/বিঘা)	মন্তব্য
০১	ভারড়া	৬০	উপকরণ: * প্রতি কৃষক ০১ বিঘা জমির জন্য ১ (এক) কেজি গ্রীষ্মকালীন তিল বীজ ও ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার সহায়তা পাবেন।
০২	সহবতপুর	৪০	
০৩	গয়হাটা	২০	
০৪	সলিমাবাদ	৪০	
০৫	নাগরপুর	৩০	
০৬	ধুবরিয়া	২০	
০৭	ভাদ্রা	২০	
০৮	দণ্ডিয়র	৬০	
০৯	মামুদনগর	৩০	
১০	মোকনা	৩০	
১১	পাকুটিয়া	৩০	
১২	বেকড়া আটগ্রাম	২০	
	মোট	৪০০	


বাস্তবায়নে : সভাপতি/সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, নাগরপুর, টাঙ্গাইল।

আলোচনাঃ ২। প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের শর্তাবলী এবং বাস্তবায়ন নীতিমালা নিয়ে সভার আলোচনা করা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ-১। কর্মসূচি বাস্তবায়ন : কৃষি মন্ত্রণালয়ের দেয়া শর্তাবলী ও বাস্তবায়ন নীতিমালা আবশ্যিকভাবে অনুসরণ করে কর্মসূচি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় (শর্তাবলী ও বাস্তবায়ন পদ্ধতি সংযুক্ত)

বাস্তবায়ন : ইউনিয়ন ও উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, নাগরপুর, টাঙ্গাইল।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করা হয়।

  
(আরাফাত মোহাম্মদ নোমান)  
উপজেলা নির্বাহী অফিসার, নাগরপুর, টাঙ্গাইল  
ও  
সভাপতি  
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি  
নাগরপুর, টাঙ্গাইল।